

(সনদের অপর পৃষ্ঠা)

- ১। এই সনদ হস্তান্তরযোগ্য নহে।
- ২। ইহা সনদধারীকে দলিল লিখিবার উদ্দেশ্যে .....সাব-রেজিস্ট্রারের কার্যালয়ের সীমানার ভিতরে বা বাহিরে বসিবার অধিকার প্রদান করে।
- ৩। ইহা সনদধারীকে নিবন্ধনকারী কর্মকর্তার নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে তাহার লিখিত দলিল নিবন্ধনের উদ্দেশ্যে বা তাহার মক্কেলের পক্ষে অন্য কোন কার্য করিবার জন্য কার্যালয়ে প্রবেশের অধিকার প্রদান করে।
- ৪। সনদধারী নিবন্ধন আইন, ১৯০৮ এর ধারা ৮০ছ এর অধীন প্রণীত বিধি ৯ এ নির্দিষ্ট হারের অতিরিক্ত ফিস দাবি করিবেন না, অন্যথায় তাহার সনদ বাতিলযোগ্য হইবে।
- ৫। সনদটি বিতরণের বৎসরের ৩১ ডিসেম্বর পর্যন্ত বলবৎ থাকিবে। নবায়নের আবেদন ১৫ই ডিসেম্বর হইতে পরবর্তী বৎসরের জানুয়ারির ১৫ তারিখের মধ্যে সাব-রেজিস্ট্রারের মাধ্যমে রেজিস্ট্রারের নিকট দাখিল করিতে হইবে।
- ৬। সনদধারী নিবন্ধন আইন, ১৯০৮ এর ধারা ৮০ছ এর অধীন সরকার কর্তৃক প্রণীত বিধিমালা বা সময় সময় প্রণীতব্য বিধিমালা মানিয়া চলিবেন।